কাজে ফিরে যাওয়া

কাজে ফিরে যাওয়া সম্মন্ধে কর্মীদের কি কি জানা প্রয়োজন

মিশিগানে কর্মক্ষেত্রগুলো পুনরায় চালু হওয়ার সাথে সাথে অনেক কর্মীদের তাদের নিয়োগকর্তারা তাদের কাজে ফিরে যেতে বলে থাকতে পারে। নীচে আপনার প্রাপ্য অধিকারগুলো বর্ণনা করে যদি আপনাকে কাজে ফিরতে বলা হলে আপনি কাজে ফিরে যেতে না পারেন বা ইচ্ছুক না হন।

কাজ করা এবং কাজ থেকে ছুটি নেয়া

আমাকে কখন/আমাকে কি অবশ্যই ঘরে থাকতে হবে?

আপনার কোভিড-১৯ এর উপসর্গ দেখা দিলে, আপনার যতদিন পর্যন্ত কোভিড-১৯ নেগেটিভ পরীক্ষিত না হবেন ততদিন ঘরে অবস্থান করা উচিৎ অথবাঃ

- আপনার লক্ষণগুলি কেটে যাওয়ার পরে তিন দিন কেটে গেছে, এবং
- আপনার লক্ষণগুলো প্রথম প্রকাশিত হওয়ার পরে বা আপনি কোভিড-১৯ এর জন্য পজিটিভ পরীক্ষার পরে সাত দিন কেটে গেছে

কোভিড-১৯ এর লক্ষণ রয়েছে বা কোভিড -১৯ এর জন্য পজিটিভ পরীক্ষিত হয়েছেন এমন কারও সাথে যদি আপনার ঘনিষ্ঠ যোগাযোগ হয় (ছয় ফুটেরও কম), আপনার ততদিন বাড়িতে থাকা উচিত যদি না:

- আপনার সাথে তাদের যোগাযোগের পর ১৪ দিন কেটে গেছে, অথবা
- তারা কোভিড-১৯ নেগেটিভ পরীক্ষিত হয়েছেন।

আমি যদি কোভিড-১৯ জনিত চিকিৎসা বিষয়ক কারণে কাজ থেকে ছুটি নেই তবে আমি কি চাকুরীচ্যুত হতে পারি?

মিশিগান রাজ্য আদেশ দিয়েছে যে আপনি উপরের গাইডলাইনগুলো মেনে চললে ছুটি কাটানোর জন্য আপনাকে বরখাস্ত বা আপনার প্রতি বৈষম্যমূলক আচরণ করা যাবে না।

যাইহোক, যদি আপনাকে এই নির্দেশিকাগুলোর ভিত্তিতে কাজে ফিরতে দেওয়া হয় কিন্তু তা বেছে নেওয়া না হয়, তবে আপনি আপনার নিয়োগকর্তা কর্তৃক সাময়িক কর্মবিরতি বা চাকরিচ্যুত হওয়া থেকে রক্ষা পাবেন না। আপনি যদি অসুস্থ থাকেন বা লক্ষণ দেখিয়ে থাকেন এবং খুব তাড়াতাড়ি কাজে ফিরে যান, উপরের গাইডলাইন অনুসারে, অসুস্থ থাকাকালীন আপনি সাময়িক কর্মবিরতি বা চাকরিচ্যুত হওয়া থেকেও সুরক্ষিত নন।

আমি বা আমার পরিবারের কেউ যদি অসুস্থ হোন আমার নিয়োগকর্তা কি আমাকে কাজে না আসতে বলতে পারেন?

হ্যাঁ, আপনার নিয়োগকর্তা যদি মনে করেন আপনি অন্য কর্মচারী বা গ্রাহকদের ঝুঁকির মধ্যে ফেলে দিচ্ছেন তবে তারা আপনাকে বাড়িতে থাকতে বলবে। যদি এটি হয় তবে আপনি বেকারত্ব সুবিধার জন্য উপযুক্ত হতে পারেন।

এই ডকুমেন্টের তথ্যসমূহ আমাদের দক্ষতার সেরাটি দিয়ে যাচাই করা হয়েছে তবে তা কর বা আইনী পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। কোনও পদক্ষেপ নেওয়ার পূর্বে একজন অ্যাকাউন্টেন্ট এবং/অথবা আইনজীবীর সাথে পরামর্শ করার জন্য আমরা আপনাকে খুব বেশী সুপারশ করি। গ্লোবাল ডেট্রয়েট গ্যারান্টি দিতে পারে না যে আমাদের সেরা প্রচেষ্টা দেওয়া সত্ত্বেও এই ডকুমেন্টটিতে কোনও ভুল বা ত্রুটি নেই এবং দ্রুত পরিবর্তন হওয়া বর্তমান পরিস্থিতিতে, প্রকাশের সময়ের পরে কোনও পরিবর্তনগুলো ঘটতে পারে যা এই নথির তথ্যের যথার্থতার উপর প্রভাব ফেলতে পারে। এই ডকুমেন্টটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে ১৮ জুন, ২০২০।

GLOBAL DETROIT

কাজে ফিরে যাওয়া

কাজে ফিরে যাওয়া সম্মন্ধে কর্মীদের কি কি জানা প্রয়োজন

আমার কি কি বিকল্প পথ আছে যদি আমার নিয়োগকর্তা আমাকে কর্মবিরতি থেকে কাজে ফিরতে বলেন?

আপনি যদি সুস্থ থাকেন, কাজে ফিরতে স্বাচ্ছন্দ্য বোধ করেন এবং তা করতে সক্ষম হন তবে আপনি কাজে ফিরতে পারবেন। যদি আপনার কর্মঘন্টা হ্রাস করা হয় তবে আপনি তারপরও কিছু বেকারত্ব সুবিধার জন্য যোগ্য হতে পারেন।

স্বাস্থ্য এবং সুরক্ষার উদ্বেগের কারণে আপনি যদি কাজে ফিরতে স্বাচ্ছন্দ্য বোধ না করেন বা পরিবারের কোনও সদস্য বা সন্তানের যত্ন নেওয়ার প্রয়োজনের কারণে আপনি যদি কাজে ফিরতে না পারেন তবে আপনি চাকরী ছেড়ে বা কাজ থেকে ছুটি নেওয়ার সিদ্ধান্ত নিতে পারেন। মনে রাখবেন, যে এটি বেকারত্বের সুবিধার জন্য আপনার যোগ্যতার উপর প্রভাব ফেলতে পারে।

কোভিড-১৯ প্রাদুর্ভাব চলাকালীন বেকারত্ব সুবিধার জন্য যোগ্যতার বিষয়ে আরও তথ্যের জন্য বেকারত্ব বিষয়ক প্রশ্নাবলী ডকুমেন্টটি https://globaldetroitmi.org/covid19/ এই ওয়েবসাইটে দেখুন।

আপনার কোভিড -১৯ হওয়ার কারণে, যার হয়েছে তার দেখাশোনা করছেন, বা যার স্কুল বা চাইল্ড কেয়ার বন্ধ হয়ে গেছে এমন কোনও শিশুর যত্ন নিচ্ছেন এবং এর কারনে যদি আপনি এখনও কাজে ফিরতে না পারেন, আপনি ফ্যামিলি ফার্স্ট করোনাভাইরাস রিলিফ আইন-এর (এফএফসিআরএ) আওতায় বেতনভুক্ত ছুটি পাওয়ার যোগ্য হতে পারেন । আরও তথ্যের জন্য পরবর্তী পৃষ্ঠায় দেখুন।

আমার নিয়োগকর্তা কি আমাকে আমার বেতনভুক্ত অসুস্থতা ছুটির সময় ব্যবহার করাতে পারেন যদি আমি ছুটি নেই?

হ্যাঁ।

আরও তথ্যের জন্য পরবর্তী পৃষ্ঠায় দেখুন।

বেকারত্ব

আমি যদি কাজে অনুপস্থিত থাকি তবে কি আমি বেকারত্ব সুবিধা পাব?

সাধারণভাবে, হ্যাঁ। আপনি খুব সম্ভব বেকারত্ব সুবিধাগুলো পেতে পারেন যদি আপনি নতুনভাবে অনুপস্থিতি অবসরে থাকেন কারন আপনি কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছেন বা কোভিড-১৯ হয়েছে এমন কারও সংস্পর্শে এসেছিলেন, কারন আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা হুমকির কারণে আপনাকে আলাদা থাকতে হচ্ছে, কারণ আপনি কোভিড-১৯ এ সনাক্ত হয়েছে এমন কারও পরিচর্যা করছেন, অথবা, কারন স্টে অ্যাট হোম অর্ডার বা কোভিড-১৯ সম্পর্কিত একটি অনুরূপ সরকারী নির্দেশনা ফলে আপনার জন্য একটি নতুন পারিবারিক যত্ন নেওয়ার দায়িত্ব তৈরি করেছে।

আমার নিয়োগকর্তা যদি কোভিড-১৯ এর কারনে আমার কাজের ঘন্টা কমিয়ে দেন তবে কি আমি বেকারত্ব সুবিধা পাব?

আপনি কিছু বেকারত্ব সুবিধা পেতে পারেন?

এই ডকুমেন্টের তথ্যসমূহ আমাদের দক্ষতার সেরাটি দিয়ে যাচাই করা হয়েছে তবে তা কর বা আইনী পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। কোনও পদক্ষেপ নেওয়ার পূর্বে একজন অ্যাকাউন্টেন্ট এবং/অথবা আইনজীবীর সাথে পরামর্শ করার জন্য আমরা আপনাকে খুব বেশী সুপারশ করি। গ্লোবাল ডেট্রয়েট গ্যারান্টি দিতে পারে না যে আমাদের সেরা প্রচেষ্টা দেওয়া সত্ত্বেও এই ডকুমেন্টটিতে কোনও ভুল বা ত্রুটি নেই এবং দ্রুত পরিবর্তন হওয়া বর্তমান পরিস্থিতিতে, প্রকাশের সময়ের পরে কোনও পরিবর্তনগুলো ঘটতে পারে যা এই নথির তথ্যের যথার্থতার উপর প্রভাব ফেলতে পারে। এই ডকুমেন্টটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে ১৮ জুন, ২০২০।

GLOBAL DETROIT

কাজে ফিরে যাওয়া

কাজে ফিরে যাওয়া সম্মন্ধে কর্মীদের কি কি জানা প্রয়োজন

আমি যদি কাজে ফিরে যাই তবে কখন এবং কিভাবে বেকারত্ব সুবিধার আবেদন বন্ধ করতে পারি?

যে সপ্তাহে আপনি পূর্ণকালীন কাজে ফিরে যান আপনি আনএমপ্লয়মেন্ট ওয়েবসাইটে (MiWam) বা ফোনের মাধ্যমে MARVIN-এ রিপোর্ট করা বন্ধ করে দিন। পরবর্তীতে, আপনি যদি আবারও বেকার হোন বা কম সময়ের চাকুরী পান, তবে আপনি আবার বেকারত্ব সুবিধার জন্য ফোনে (৮৬৬) ৫০০-০০১৭ বা আনএমপ্লয়মেন্ট ওয়েবসাইটের (MiWam) মাধ্যমে আবেদন করতে পারেন।

আমি কোভিড-১৯ এ আক্রান্ত হলে বা কোভিড-১৯ এ সনাক্ত হয়েছে এমন কারও পরিচর্যা করতে হলে আমি কি বেকারত্ব সুবিধা পাব?

যদি আপনার চাকুরি ছেড়ে দিতে হয় কারণ আপনি অসুস্থ বা আলাদা অবস্থান করা পরিবারের সদস্যের যত্ন করছেন, কোভিড -১৯-এ নিশ্চিতভাবে আক্রান্ত রোগীকে দেখাশোনা করছেন বা সরকারী নির্দেশনার ফলস্বরূপ পারিবারিক যত্নের দায়িত্ব রয়েছে তবে আপনি তার জন্য বেকারত্বের সুবিধা পাওয়ার যোগ্য হতে পারেন। যেসব কর্মী অসুস্থ, কোয়ারান্টাইনে থাকছেন বা রোগ প্রতিরোধ ক্ষমতা হুমকির সম্মুখীন, এবং যারা বেতনভুক্ত পারিবারিক এবং চিকিৎসা বাবদ ছুটি না পান বা কর্মবিরতিতে আছেন, তারাও বেকারত্ব সুবিধার যোগ্য হতে পারেন।

স্বাস্থ্য এবং সুরক্ষা

আমি কোভিড ১৯--এ আক্রান্ত, এবং আমার মনে হয় আমি এটি কাজে ছড়িয়েছি। এটি কি শ্রমিকদের ক্ষতিপূরণের আওতাভুক্ত হবে?

এটা হতে পারে। কর্মীদের ক্ষতিপূরণ পাওয়ার জন্য আপনার অসুস্থতা এবং আপনার কাজের মধ্যে সম্পর্কের ডকুমেন্ট সংগ্রহ করতে হতে পারে। একজন শ্রমিকের ক্ষতিপূরণ দাবি কীভাবে ফাইল করবেন সে সম্পর্কে তথ্যের জন্য ভিজিট করুনঃ https://www.michigan.gov/leo/0,5863,7-336-78421_95508_60870---,00.html

আমার যদি মনে হয় আমার নিয়োগকর্তা কর্মচারী এবং গ্রাহকদের নিরাপদ কাজের পরিবেশ নিশ্চিত করছেন না তবে আমার কী করা উচিত?

মিশিগান অকুপেশনাল সেইফটি এ্যান্ড হেলথ এডমিনিস্ট্রেশন (মিওশা) মিশিগানে কর্মক্ষেত্রের সুরক্ষা এবং স্বাস্থ্য বিধি প্রয়োগ করে। আপনার যদি কর্মক্ষেত্রে নিরাপদে থাকার বিষয়ে প্রশ্ন থাকে তবে আপনি মিওশা এর হটলাইনে কল করতে পারেন: (৮৫৫) ৭২৩-৩২১৯।

যদি আপনি ভাবেন যে আপনার নিয়োগকর্তা একটি নিরাপদ কাজের পরিবেশ প্রদান করছেন না, আপনার সম্ভব হলে আপনার নিয়োগকর্তার সাথে আপনার উদ্বেগগুলো নিয়ে আলোচনা করা উচিত। যদি তারা আপনার উদ্বেগগুলোর সমাধান করতে অনিচ্ছুক বা অক্ষম হোন তবে আপনি মিওশা-এর কাছে অভিযোগ দায়ের করতে পারেন। একটি মিওশা অভিযোগ দায়ের করা সম্পর্কে আরও তথ্যের জন্য, ভিজিট করুন: https://www.michigan.gov/leo/0,5863,7-336-78421_11407_30453-93835--,00.html.

আপনি যদি আপনার নিয়োগকর্তার সাথে কথা বলে থাকেন এবং মিওশা-এ একটি অভিযোগ দায়ের করে থাকেন, কিন্তু আপনি নিজেকে ঝুঁকির মধ্যে না ফেলে সমস্যার সমাধান করার জন্য মিওশা-এর অপেক্ষা করার সময় নেই বলে মনে করেন না, তবে সুরক্ষার

এই ডকুমেন্টের তথ্যসমূহ আমাদের দক্ষতার সেরাটি দিয়ে যাচাই করা হয়েছে তবে তা কর বা আইনী পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। কোনও পদক্ষেপ নেওয়ার পূর্বে একজন অ্যাকাউন্টেন্ট এবং/অথবা আইনজীবীর সাথে পরামর্শ করার জন্য আমরা আপনাকে খুব বেশী সুপারশ করি। গ্লোবাল ডেট্রয়েট গ্যারান্টি দিতে পারে না যে আমাদের সেরা প্রচেষ্টা দেওয়া সত্ত্বেও এই ডকুমেন্টটিতে কোনও ভুল বা ত্রুটি নেই এবং দ্রুত পরিবর্তন হওয়া বর্তমান পরিস্থিতিতে, প্রকাশের সময়ের পরে কোনও পরিবর্তনগুলো ঘটতে পারে যা এই নথির তথ্যের যথার্থতার উপর প্রভাব ফেলতে পারে। এই ডকুমেন্টটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে ১৮ জুন, ২০২০।

GLOBAL DETROIT

কাজে ফিরে যাওয়া

কাজে ফিরে যাওয়া সম্মন্ধে কর্মীদের কি কি জানা প্রয়োজন

সমস্যাগুলো সমাধান করার সময়ে আপনি কাজ করতে অস্বীকার করতে পারবেন। মিশিগান আইনে বলা হয়েছে যে এটি করার জন্য আপনাকে বরখাস্ত বা আপনার সাথে বৈষম্যমূলক আচরণ করা যাবে না।

আমি যখন অভিযোগ দায়ের করব তখন কি মিওশা আমার অভিবাসন স্থিতির বিষয়ে জিজ্ঞাসা করবে

মিওশা তদন্তকারীকে আপনাকে তা জিজ্ঞাসা করা উচিত নয়। যদি তদন্তকারী অভিবাসন স্থিতি সম্পর্কে জিজ্ঞাসা করে, তবে আপনার অভিবাসন স্থিতি সম্পর্কে প্রশ্নের উত্তর দেওয়ার কোনও বাধ্যবাধকতা নেই।

আপনার কি আরও অতিরিক্ত তথ্যের বা আইনগত সহায়তা প্রয়োজন?

আপনি যদি একজন উকিলের সাথে এইসব বিষয় নিয়ে কথা বলতে চান, তাহলে সুগার লো-এর সাথে যোগাযোগ করুন mail@sugarlaw.org অথবা (৩১৩) ৯৯৩-৪৫০৫. সুগার লো-এর কাছে এইসব বিষয়ে আরও কিছু তথ্য রয়েছে যা জানতে নিচের ওয়েবসাইট ভিজিট করুন;

https://www.sugarlaw.org/resources-for-workers-during-coronavirus-pandemic

এই ডকুমেন্টের তথ্যসমূহ আমাদের দক্ষতার সেরাটি দিয়ে যাচাই করা হয়েছে তবে তা কর বা আইনী পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। কোনও পদক্ষেপ নেওয়ার পূর্বে একজন অ্যাকাউন্টেন্ট এবং/অথবা আইনজীবীর সাথে পরামর্শ করার জন্য আমরা আপনাকে খুব বেশী সুপারশ করি। গ্লোবাল ডেট্রয়েট গ্যারান্টি দিতে পারে না যে আমাদের সেরা প্রচেষ্টা দেওয়া সত্ত্বেও এই ডকুমেন্টটিতে কোনও ভুল বা ত্রুটি নেই এবং দ্রুত পরিবর্তন হওয়া বর্তমান পরিস্থিতিতে, প্রকাশের সময়ের পরে কোনও পরিবর্তনগুলো ঘটতে পারে যা এই নথির তথ্যের যথার্থতার উপর প্রভাব ফেলতে পারে। এই ডকুমেন্টটি সর্বশেষ হালনাগাদ করা হয়েছে ১৮ জুন, ২০২০।

GLOBAL DETROIT